বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।
Email:dgmrecovery@krishibank.org.bd, www.krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোনঃ-০২-৯৫৬৩১৬৫

নং- প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/৮৮৭(১২০০) তারিখঃ ০৪-০৫-২০১৭ খ্রিঃ

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/সকল বিভাগীয় কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ১৫-০৫-২০১৭ হতে ২৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত পক্ষকালব্যাপী "মধুমেলা অনুষ্ঠান" আয়োজন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জ্যৈষ্ঠ মাস মধু মাস। আবহমান বাংলার ঐতিহ্য এ মধু মাস উদ্‌যাপন এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে আগামী ১৫-০৫-২০১৭ হতে ২৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত পক্ষকালব্যাপী **'মধুমেলা অনুষ্ঠান'** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। ১৫-০৫-২০১৭ হতে ২৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত পক্ষকালব্যাপী **'মধুমেলা অনুষ্ঠান'** সফলভাবে আয়োজন এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য মাঠ কার্যালয়সমূহকে পরামর্শ দেওয়া গেলঃ

**(ক) ঋণ আদায় ঃ ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত ৭৫ দিনের কর্মপরিকল্পনার সফল বাস্তাবয়ন এবং বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ২৫-০৫-২০১৭ তারিখের মধ্যে নিম্নবর্ণিত খাতসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জন নিশ্চিত করতে হবেঃ**

(১) ২৫-০৫-২০১৭ তারিখ ভিত্তিক শ্রেণীকৃত ঋণ(CL) আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিতকরণ;
(২) নতুন শ্রেণীকৃত ঋণ (NCL) এর অনাদায়ী পাওনা সুদসহ সম্পূর্ণ আদায় নিশ্চিতকরণ;
(৩) শ্রেণীযোগ্য-২ (WCL-2) নির্ধারিত লক্ষ্যমাত্রার ৯৫% অর্জন নিশ্চিতকরণ;
(৪) পুনঃতফসিলিকৃত ঋণের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৯৫% অর্জন নিশ্চিতকরণ;
(৫) অবলোপনকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৯০% অর্জন নিশ্চিতকরণ;
(৬) ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে ঋণ আদায় বিভাগের ০৩-০৫-২০১৭ তারিখের ৮৬৫(১২০০) নং পত্রের মাধ্যমে ৩০-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রার নূন্যতম ৮০% অর্জন নিশ্চিতকরণ;

(খ) **ঋণ বিতরণঃ** ২৫-০৫-২০১৭ তারিখের মধ্যে ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ৯৫% অর্জন নিশ্চিত করতে হবে।

০৩। **"মধুমেলা অনুষ্ঠান" সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হবেঃ**

(ক) ২৫-০৫-২০১৭ তারিখে **মধুমেলার** মূল অনুষ্ঠান পালন করতে হবে এবং উক্ত দিনে ব্যাংকের সকল শাখায় একযোগে ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;
(খ) মধুমেলা পক্ষকালে ঋণ আদায় ও ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষে ১৮-০৫-২০১৭ তারিখেও সকল শাখায় একযোগে ঋণ আদায় মহাক্যম্পের আয়োজন করতে হবে;
(গ) সকল শ্রেণীকৃত, নতুন শ্রেণীকৃত, পুনঃতফসিলিকৃত ও শ্রেণীযোগ্য ঋণ-২ ঋণগ্রহীতাদের নিকট বকেয়া ঋণ পরিশোধের জন্য প্রযোজ্য সকল ধরনের নোটিশ প্রেরণ করতে হবে;
(ঘ) ঋণগ্রহীতাদের নিকট নোটিশ প্রেরণের পাশাপাশি ১৮-০৫-২০১৭ ও ২৫-০৫-২০১৭ তারিখে ঋণ আদায় মহাক্যাম্প সফলভাবে আয়োজনের লক্ষ্যে সকল ঋণ গ্রহীতার সাথে ব্যক্তিগত যোগাযোগ ও মোবাইল ফোনের মাধ্যমে ঋণ পরিশোধের বিষয়টি স্মরণ করে দিয়ে নির্ধারিত দিনের ঋণ আদায় মহাক্যাম্পে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে;
(ঙ) ঋণ পরিশোধকারী ঋণগ্রহীতাগণকে প্রয়োজনীয়তার নিরীখে অতি দ্রুত ও স্বচ্ছতার সাথে পুনরায় ঋণ প্রদানের কার্যকর ব্যবস্থা নিতে হবে। এ বিষয়টি ব্যাপকভাবে প্রচার প্রচারণা চালাতে হবে;
(চ) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতার সাথে দ্বি-পাক্ষিক সভার আয়োজনের মাধ্যমে তাঁদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(ছ) মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা চালিয়ে মধুমেলা অনুষ্ঠানে বিপুল সংখ্যক গ্রাহক/ ঋণ গ্রহীতার উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(জ) ১৮-০৫-২০১৭ এবং ২৫-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে পরবর্তী কার্যদিবসে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবেঃ

| ক্রঃ নঃ | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | ..... তারিখে অনুষ্ঠিত ঋণ আদায় মহাক্যাম্পে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি। (কোটি টাকায়) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | উপস্থিত গ্রাহক সংখ্যা | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | অবলোপনকৃত ঋণ আদায় | ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর |
| | | | | গ্রাহক সংখ্যা | বিতরণের পরিমাণ | শ্রেণীকৃত ঋণ | এনসিএল | শ্রেণীযোগ্য ঋণ-২ | পুনঃতফসিলকৃত ঋণ | মোট ঋণ আদায় | | | |
| | | | | | | | | | | গ্রাহক সংখ্যা | পরিমাণ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

(ঝ) মধুমেলা পক্ষ পালন উপলক্ষ্যে নিম্নোক্ত নমুনা অনুযায়ী সকল শাখায় লাল কাপড়ের উপর সাদা অক্ষরে ৬ ফুট × ২$^{1/2}$ ফুট মাপের একটি ব্যানার টানাতে হবে।

| জ্যৈষ্ঠ মাসঃ মধু মাস | |
|---|---|
| ব্যাংকের মনোগ্রাম | মধুমেলা পক্ষ<br>১৫ মে, ২০১৭ হতে ২৫ মে, ২০১৭ খ্রিঃ<br>আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক<br>........................ শাখা। |

০৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ ১৫-০৫-২০১৭ তারিখ হতে ২৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত আয়োজিতব্য **'মধুমেলা অনুষ্ঠানে'** উপস্থিত থেকে মাঠ কার্যালয়সমূহের এতদ্‌সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ, তদারকি এবং মূল্যায়ন করবেন।

০৫। ব্যাংক ব্যবস্থাপনা আলোচ্য **'মধুমেলা পক্ষ'** উদ্‌যাপনের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করছেন বিধায় বিভাগীয় মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব-স্ব বিভাগ ও অঞ্চলাধীন শাখাসমূহের **'মধুমেলা অনুষ্ঠান'** সাফল্যমন্ডিত এবং কার্যকর করার লক্ষ্যে বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাগণকে অঞ্চলাধীন পিছিয়ে পড়া শাখাসমূহে **১৪ মে'২০১৭ থেকে ২৫ মে'২০১৭** সময়কালের জন্য নিয়োজিত করবেন। শাখাসমূহ কর্তৃক আয়োজিতব্য **মধুমেলার মূল অনুষ্ঠানসহ** ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট কার্যালয়সমূহের প্রতিনিধিগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৬। উপর্যুক্ত অবস্থায়, ৭৫ দিনের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে আগামী **১৫ মে,২০১৭ থেকে ২৫ মে,২০১৭ পর্যন্ত পক্ষকাল ব্যাপী মধুমেলা অনুষ্ঠানকে** সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা/শাখাসমূহকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ হাবিব উল্যা)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/৮৮৭(১২০০)

তারিখঃ ০৪-০৫-২০১৭

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৫। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য আইসিটি (সিস্টেমস) বিভাগ,অনুরোধ করা হলো।
০৬। কর্পোরেট শাখা/মুক্য অঞ্চল/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

(ডাঃ মোঃ নুর সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক